দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 JAN 2016
পৃষ্ঠা 6 কলাম 2

# বঙ্গবন্ধু মেডিক্যালে চিকিৎসা সরঞ্জাম দান

**স্টাফ রিপোর্টার** ॥ হৃদরোগে আক্রান্তদের সহায়তার জন্য চিকিৎসা উপকরণ দিয়েছেন মোয়াজুর রহমান মারুফ নামের এক অস্ট্রেলিয়ান চিকিৎসক। তিনি একজন হৃদরোগ বিশেষজ্ঞ। বুধবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ কামরুল হাসান খানের হাতে সাড়ে সাত লক্ষাধিক টাকা মূল্যের ড্রাগ ইলুইটিং স্টেন্ট ও বেলুন তুলে দেন মোয়াজুর রহমান মারুফ।

চিকিৎসা উপকরণ হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ, কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডাঃ সজল কৃষ্ণ ব্যানার্জী, অধ্যাপক সৈয়দ আলী আহসান, সিন্ডিকেট মেম্বার ডাঃ হারিসুল হক, চীফ এস্টেট অফিসার ও বিএসসি নার্সিং ডেভেলপমেন্ট কমিটির সদস্য সচিব ডাঃ একেএম শরীফুল ইসলাম, সহকারী প্রক্টর ডাঃ এসএম মোস্তফা জামান, সহযোগী অধ্যাপক ডা. মামুন আল মাহতাব স্বপ্নীল, সহকারী অধ্যাপক ডাঃ জাহানারা আরজু প্রমুখ।